যুগান্তর

তারিখ 25 APR 2007
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ব্রিটিশ কাউন্সিলে শিক্ষা মেলা অনুষ্ঠিত

যুগান্তর রিপোর্ট

ব্রিটিশ কাউন্সিলে মঙ্গলবার যুক্তরাজ্যের বেডফোর্ডশায়ার ইউনিভার্সিটির উদ্যোগে শিক্ষামেলা অনুষ্ঠিত হয়েছে। বেলা ১টা থেকে রাত ৭টা পর্যন্ত এ মেলা চলে। এতে ওই ইউনিভার্সিটির সার্বিক শিক্ষা কার্যক্রমের চিত্র তুলে ধরা হয়।

মেলায় বাংলাদেশের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং তাদের অভিভাবকদের সমাবেশ ঘটে। আগতদের জন্য স্পেশাল সেমিনারের ব্যবস্থা করা হয়েছিল। মেলায় মোট ৭টি স্টল বসে। এসব ছাড়াও

মেলা : পৃষ্ঠা ২ : কলাম ৮



যুগান্তর

মঙ্গলবার রাজধানীর ব্রিটিশ কাউন্সিলে শিক্ষামেলার একটি স্টল

## মেলা : শিক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

ইউনিভার্সিটির ভর্তি অফিসের স্টলও ছিল। সেমিনারে জানানো হয়, যুক্তরাজ্যের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চেয়ে তুলনামূলক কম খরচে বেডফোর্ডশায়ার ইউনিভার্সিটিতে পড়ার সুযোগ রয়েছে। আয়োজক কমিটির পক্ষে বাংলাদেশের প্রতিনিধি ফারাহ নাজ ইসলাম জানান, মানসম্মত শিক্ষা এবং অর্থের সাশ্রয়ের জন্য ইংল্যান্ডের বেডফোর্ডশায়ার ইউনিভার্সিটি বাংলাদেশের শিক্ষার্থীদের হাতছানি দিচ্ছে।

ইউনিভার্সিটিতে ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য হাউজ ৯৯, রোড ১১/এ, ধানমণ্ডি আবাসিক এলাকায় যোগাযোগ করা যাবে।